

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৮৪

পর্ব ২১: খাদ্য (ইআন । টিবান )

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - পানীয় দ্রব্যের বর্ণনা

### আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسْتَعْذَبُ لَهُ الْمَاءُ مِنَ السُّقْيَا. قِيلَ: هِيَ عَيْنُ بَيْنَهَا وَبَيْنَ الْمَدِينَةِ يَوْمَانِ. رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

৪২৮৪-[২২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য সুকইয়া হতে মিঠা পানি সংগ্রহ করা হত। কথিত আছে যে, সুকইয়া একটি ঝরণা। তার ও মদীনার মধ্যবর্তী ব্যবধান হলো দু'দিনের পথ। (আবূ দাউদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৩৭৩৫, সহীহুল জামি' ৪৯৫১, আল জামি'উস্ সগীর ৯০৮২, মুসনাদে আবূ ইয়া'লা ৪৬১৩, সহীহ ইবনু হিব্বান ৫৩৩২, শু'আবুল ঈমান ৬০৩৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ মিষ্ট পানি দ্বারা উদ্দেশ্য লবণাক্ত না, কেননা মদীনার পানি হলো লবণাক্ত। সুয়ূত্বী বলেনঃ সুকইয়া একটি গ্রাম যা মক্কা ও মদীনার মধ্যবর্তী স্থানে অবস্থিত।

كَانَ يُسْتَعْذَبُ لَهُ الْمَاءُ مِنْ بِئُرِ السُّقْيَا ,शिक्य-এत वर्णनाय तायाह كَانَ يُسْتَعْذَبُ لَهُ الْمَاءُ مِنْ بِئُر السُّقْيَا

রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য সুকইয়া-এর কূপ হতে মিঠা পানি সংগ্রহ করা হত।

আমি (ভাষ্যকার) বলি : সম্ভবত দু'টি দু' স্থান। কোন অসঙ্গতিপূর্ণ নেই হাদীসে একটি ঝর্ণা, অপরটি কূপ। হতে পারে বিভিন্ন স্থান। (মিরক্বাতুল মাফাতীহ)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন